

ইসলামী বিশ্ববিদ্যালয়ের প্রথম বর্ষের ভর্তি পরীক্ষার 'বি' ইউনিটের ফল প্রকাশ করা হয়েছে। এই ইউনিটে পাস করেছেন ১১ শতাংশ পরীক্ষার্থী। গতকাল মঙ্গলবার দুপুর আড়াইটার দিকে উপাচার্য অধ্যাপক ড. হারুন-উর-রশিদ আসকারীর কাছে ফল হস্তান্তর করেন সংশ্লিষ্ট ইউনিটের সমন্বয়কারী অধ্যাপক ড. আনোয়ার হোসেন।

কলা, সামাজিক বিজ্ঞান ও আইন অনুষদ অধিভুক্ত 'বি' ইউনিটে এক হাজার ৬৫টি আসনের বিপরীতে পরীক্ষা দেন ২৪ হাজার ৯৫৫ শিক্ষার্থী। এর মধ্যে পাস করেছেন দুই হাজার ৮১৫ জন। ভর্তি পরীক্ষার ফল বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (www.iu.ac.bd) পাওয়া যাবে।

২০১৯-২০ শিক্ষাবর্ষে 'বি' ইউনিটে লিখিত ২০ নম্বরে পাস নম্বরে কমিয়ে সাত থেকে চার করা হয়। এ ছাড়া একটি শিফটে লিখিত অংশে পাস মার্ক করা হয় তিন। বিভাগ প্রাপ্তির শর্তও শিথিল করে কর্তৃপক্ষ। বাংলা বিভাগে ভর্তির জন্য বাংলায় ১৫ নম্বরের বাধ্যবাধকতা কমিয়ে ১২ করা হয়। ইংরেজি বিভাগের নম্বরও কমিয়ে আট করা হয়।